# বেসিক ব্যাংক পিএলসি.

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

জোরারগঞ্জ শাখা, মিরসরাই, চট্টগ্রাম।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারা মোতাবেক

## বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয় দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ক্রেতা সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **বেসিক ব্যাংক পিএলসি., জোরারগঞ্জ শাখা, গোপীনাথপুর, জোরারগঞ্জ, মিরসরাই, চট্টগ্রাম** এর ঋণগ্রহীতা **মেসার্স নিজাম স্টোর** এর স্বত্বাধিকারী জনাব মোঃ সালাউদ্দিন রাজু, পিতাঃ মোঃ নিজাম উদ্দিন, মাতাঃ ঝর্না আক্তার, বর্তমান এবং স্থায়ী ঠিকানা:-আব্দুল মালেক ভুইয়া বাড়ি, গ্রামঃ গোপালপুর, ডাকঃ চৈতন্যের হাট-৪৩২৪, মিরসরাই, চট্টগ্রাম, ব্যবসায়িক ঠিকানাঃ কাশেম জুট মিল গেইট, দক্ষিন শীতলপুর, থানাঃ সীতাকুন্ড, চট্টগ্রাম কর্তৃক গৃহীত ঋণ পরিশোধ না করায় তাহার নিকট ০৭.১২.২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের সুদ সহ বকেয়া পাওনা টাকা ৬৯,৫২,৮৭৫.৭৬ (উনসত্তর লক্ষ বাহান্ন হাজার আটশত পঁচাত্তর টাকা ছিয়াত্তর পয়সা) এবং আদায়কালতক সুদ এবং অন্যান্য খরচ আদায়ের লক্ষ্যে ঋণের বিপরীতে নিম্ন তফশিলে বর্ণিত স্থাবর সম্পত্তি [যাহা তাহার মাতা: জনাবা ঝর্না আক্তার, স্বামীঃ মোঃ নিজাম উদ্দিন, পিতাঃ মোঃ গোলাম তপুর, মাতাঃ ফিরোজা বেগম, বর্তমান এবং স্থায়ী ঠিকানা:-আব্দুল মালেক ভুইয়া বাড়ি, গ্রামঃ গোপালপুর, ডাকঃ চৈতন্যের হাট-৪৩২৪, মিরসরাই, চট্টগ্রাম কর্তৃক ব্যাংকের নিকট রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমুলে বন্ধককৃত ও বিক্রয়ের ক্ষমতা অর্পণ করে ব্যাংকের অনুকূলে অপ্রত্যাহারযোগ্য সাধারণ আমমোক্তারনামা দলিল সম্পাদন করিয়া দেয়া আছে] প্রকাশ্যে নিলাম বিক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্তাদিতে আগ্রহী ক্রেতাগণ হইতে সীলমোহরকৃত খামে সাদা কাগজ/প্যাডে লিখিত দরপত্র আহ্বান করা যাইতেছে।

### "শর্তাবলী"

১) দরপত্র আগামী ১১.০১.২০২৬ ইং তারিখ বিকাল ২.৩০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক পিএলসি., জোরারগঞ্জ শাখা, চট্টগ্রামে রক্ষিত টেন্ডার বাক্সে আগ্রহী ক্রেতাগণকে এনআইডি কপি সহ সাদাকাগজে/প্যাডে পূর্ণ ঠিকানা উল্লেখ পূর্বক স্বাক্ষরযুক্ত সীলমোহরকৃত খামে জমা দিতে হইবে এবং ঐদিন বিকাল ৩.০০ ঘটিকায় দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র বাক্স খোলা হইবে।

২) তফসিল বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য বেসিক ব্যাংক পিএলসি., জোরারগঞ্জ শাখার অনুকূলে ব্যাংক ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে নিম্নরূপ জামানত দরপত্রের সাথে দাখিল করতে হবে এবং বর্ণিত সময় সূচী অনুযায়ী অবশিষ্ট টাকা পরিশোধ করতে হবে।

| দরপত্রের উদ্ধৃত মূল্য | জামানত | বাকি টাকা পরিশোধের সময়। |
|---|---|---|
| অনূর্ধ্ব টাকা ১০,০০,০০০ হলে। | ২০% | দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০ (ত্রিশ) দিন। |
| টাকা ১০,০০,০০১ - অনূর্ধ্ব ৫০,০০,০০০ হলে | ১৫% | দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০ (ষাট) দিন। |
| টাকা ৫০,০০,০০০ এর উর্ধ্বে হলে | ১০% | দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৯০ (নব্বই) দিন। |

দরপত্র গৃহীত হওয়ার উল্লেখিত সময়ের মধ্যে সমুদয় মুল্য পরিশোধে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে এবং বাজেয়াপ্তকৃত টাকা দাবীকৃত টাকার সাথে সমন্বয় করা হবে। অকৃতকার্য দরপত্রের বিপরীতে জমাকৃত জামানতের অর্থ যথাসময়ে ফেরত প্রদান করা হবে।

৩) উপরোক্ত অনুচ্ছেদের ২ নং শর্তের অধীন প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্ত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দর অপেক্ষা কম না হইলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দর দাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা আহুত হইবার পর ২ নং শর্তে নির্ধারিত অনুরূপ সময়সীমার মধ্যে সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানত বাজেয়াপ্ত হইবে এবং জামানতের উক্ত অর্থ দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

৪) দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম / অপর্যাপ্ত প্রতীয়মান হইলে বা অন্য কোন কারণে গ্রহনযোগ্য না হইলে বেসিক ব্যাংক পিএলসি., জোরারগঞ্জ শাখা, চট্টগ্রাম তাহা গ্রহণে বাধ্য থাকিবেনা।

৫) বিক্রয়তব্য তফশিল সম্পত্তি সমূহের সমুদয় বা পৃথকভাবে যে কোন তফসিলের সম্পত্তি ক্রয়ের দরপত্র গ্রহন করা যাইতে পারে, যদি তাহা ব্যাংকের প্রাপ্য দাবীর সহিত যুক্তিসঙ্গত ভাবে সামঞ্জস্যশীল মনে হয়।

৬) তফসিলভূক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা ইউনিয়ন পরিষদ, পল্লী বিদ্যুৎ, ওয়াসা, পিডিবি, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, উন্নয়নকর ইত্যাদি সহ অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করিবেনা। প্রস্তাবকৃত মুল্যের উপর প্রদেয় মুল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

৭) সম্পত্তি রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করিতে হইবে।

৮) সফল নিলাম ক্রেতার অনুকূলে শর্তপুরন সাপেক্ষে হস্তান্তর প্রক্রিয়া সম্পন্ন করা হইবে এবং দখল হস্তান্তরের জন্য অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ১২(৫ক) ধারা মোতাবেক স্থানীয় অধিক্ষেত্র জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে আইনানুগ সহযোগিতা প্রদান করা হইবে।

৯) বেসিক ব্যাংক পিএলসি., জোরারগঞ্জ শাখা, চট্টগ্রাম কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেখেই যেকোন দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

### বন্ধকী সম্পত্তির তফসীল

জেলাঃ চট্টগ্রাম, থানা ও সাব রেজিস্ট্রি অফিসঃ জোরারগঞ্জ, মৌজাঃ রায়পুর এর অধীন জে এল নং ৪৯ (আর এস এবং বিএস অনুযায়ী) আর এস খতিয়ান ১৪৬, ১৭১ আর এস প্লট ৩১১ , ৪৮৬ বিএস খতিয়ান ১৮০, ৩১২, বিএস দাগ নং ৩৮০ (২০ শতক জমি) এবং বিএস ৪১৭ দাগ (১২ শতক জমি), বিএস মিউটেশন খতিয়ান নং ৬২৯, জমির পরিমানঃ ৩২ শতক।

**যাহার চৌহদ্দিঃ** বিএস দাগঃ ৩৮০ এর উত্তরে আজিম উদ্দিন, দক্ষিনে নিজাম উদ্দিন, পূর্বে মেহির মিয়া, পশ্চিমে আবু হায়দার। বিএস দাগঃ ৪১৭ এর উত্তরে ১২ ফুট রাস্তা, দক্ষিনে নাসির উদ্দিন, পূর্বে রুহুল আমিন ভেন্ডার, পশ্চিমে দেরেন্দ্র মাস্টার।

**পক্ষে -সিনিয়র প্রিন্সিপাল অফিসার ও শাখাপ্রধান, বেসিক ব্যাংক পিএলসি., জোরারগঞ্জ শাখা**
গোপীনাথপুর, জোরারগঞ্জ, মিরসরাই, চট্টগ্রাম। ফোনঃ ০১৭৩০-০৫৭৩১১।

**দৈনিক আমার দেশ- ০৯.১২.২০২৫**

**দৈনিক আজাদী- ০৯.১২.২০২৫**